গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
www.dls.gov.bd

বিষয়: প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের ০৭/০৫/২০১৮ খ্রি: অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিরনী।

অদ্য ০৭/০৫/২০১৮ খ্রি: রোজ সোমবার প্রাণিসম্পদ অধিদপ্তরের ইপিডেমিওলজি শাখায় ইনোভেশন টিমের মাসিক সভা ইনোভেশন অফিসার ডা: বশীর আহমেদ সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকল কর্মকর্তার নামের তালিকা পরিশিষ্ট-১ তে সংযুক্ত করা হ'ল।

| | |
|---|---|
| সভাস্থান | ইপিডেমিওলজি শাখা |
| তারিখ ও সময় | ০৭.০৫.২০১৮ খ্রি: ; সকাল: ১১.০০ ঘটিকা |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি উপস্থিত সকলকে আজকের সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা এবং মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

ডাঃ মোঃ রফিকুল ইসলাম সদস্য ইনোভেশন টীম SIP ডাটাবেজ সংক্রান্ত বিলের বিষয়ে আলোচনার জন্য প্রস্তাব করেন। ডাঃ মোখলেছুর রহমান ডাটাবেজ তৈরী করে খরচ বাবদ ৬২৮০০/- টাকার বিল পরিশোধের জন্য ইনোভেশন অফিসার বরাবরে আবেদন করেন। বিলের ব্যাপারে আলোচনা করা হয় । বিস্তারিত আলোচনান্তে বিলটি বিধি মোতাবেক প্রস্তুত পূর্বক দাখিল করার জন্য ডাঃ মোখলেছকে পরামর্শ দেওয়া হয়।

ইনোভেশন অফিসার জনাব ডাঃ বশীর আহমেদ ই-ভেট কার্যক্রম বিষয়ে আলোচনার জন্য আহবান জানান। তিনি E- vet. service বিষয়ে ড. আলী আহসানকে কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা করার আহবান জানান। জবাবে ড. আহসান সভাকে জানান যে, আংশিক কাজ সম্পন্ন হওয়ায় ১ম পর্যায়ে ৬৫৩,১৬৮.৮০ টাকার বিল পরিশোধ করা হয়েছে। বর্তমান বছরের অবশিষ্ট কাজ যথাসময়ে শেষ হবে বলে আশা করা যায়।

ড.মুস্তানুর রহমান সভাকে জানান যে, আগামী ১৫-১৭ মে/১৮ তারিখ থেকে কেআইবিতে তিনদিন ব্যাপী সেবা সহজীকরন বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে সভায় আলোচনা করা হয়। ড. মোস্তানুরকে ইনোভেশন অফিসার জনাব ডাঃ বশীর আহমেদ সাহেবের সাথে আলোচনাপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের সাথে যোগাযোগ করে প্রোগ্রাম চুড়ান্ত করার দায়িত্ব প্রদান করা হয়।

ডাঃ মোঃ রফিকুল ইসলাম সভাকে জানান যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের SMS সার্ভিস বাংলা ভার্সন করা প্রয়োজন। সভায় আলোচনার পরিপ্রেক্ষিতে বাংলা ভার্সন চালুর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বাংলা সার্ভিস চালুর বিষয়ে কি কি বিষয় পরিবর্তন করতে হবে সে বিষয়ে মোঃ সোহরাব হোসেনকে স্বল্প সময়ের মধ্যে একটি প্রস্তাব প্রেরণ করার জন্য দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু সভায় প্রস্তাব উপস্থাপন করা হয়নি বিধায় পুনরায় প্রস্তাব উপস্থাপনের তাগিদ প্রদান করার প্রস্তাব করা হয় ।

সার্ভার কক্ষের কাজের মনিটরিং করার জন্য জনাব শামীম হোসেন, জনাব মোখলেছ এবং ড. মোস্তানুর সমন্বয়ে একটি প্রতিবেদন তৈরীর প্রস্তাব করা হয়। প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে বিল তৈরী করে বিলের সাথে সংযুক্ত করে যথসময়ে বিল দাখিল করার প্রস্তাব করা হয়।

বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১ | মোঃ মোখলেছুর রহমান কে SIP database তৈরী করার বিল কোটেশন আকারে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডাঃ মোঃ মোখলেছুর রহমান, জেলা প্রাণী হাসপাতাল, গাজীপুর। |
| ২. | ক) ই-ভেট সফটওয়ারটি ইনটেনসিভ মনিটরিং করার জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে Reve-System কার্যক্রম পর্যবেক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) কমিটির সদস্য জনাব সোহরাব হোসেন, ডাঃ শাকিফ-উল আজম(দীপ্ত) এবং ডাঃ মোখলেছুর রহমান । |
| ৩. | ইনোভেশন রেপ্লিকেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট জেলা এবং উপজেলা কর্মকর্তাদের নিয়ে দিনব্যাপী কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন অফিসার ডাঃ বশীর আহমেদ, ডাঃ মোঃ রফিকুল ইসলাম, এবং ড. মুস্তানুর রহমান সদস্য ইনোভেশন টীম। |
| ৪ | ১৫-১৭ মে/১৮ সেবাসহজীকরণ প্রশিক্ষণ কর্মশালা সুষ্ঠু ভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় | ইনোভেশন টীম, প্রাণিসম্পদ প্রাণিসম্পদ অধিদপ্তর। |
| ৫ | সার্ভার কক্ষ আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং কাজের অগ্রগতি বিষয়ে প্রতিবেদন তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | মোঃ সোহরাব হোসেন, মোঃ শামীম হোসেন ও ড.মুস্তানুর রহমান,ডাঃ মোখলেছ। |
| ৬ | প্রাণিসম্পদ অধিদপ্তরের ইন্টারনেট সার্ভিস নিরিবিচ্ছিন্নভাবে চালু করার জন্য টেলনেট কোম্পানীকে যথাযথ দায়ীত্ব পালনের তাগিদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডাঃ বশীর আহমেদ, মোঃ শামীম হোসেন, মোঃ সোহরাব হোসেন, ডাঃ মোখলেছ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৭.০৫.১৮

(ডা: বশীর আহমেদ)
উপ-পরিচালক ও প্রধান, ইপিডেমিওলজি ইউনিট
এবং
ইনোভেশন অফিসার
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-প্রাসঅ ৩৩.০১.০০০০.৭৭৭.১৮.০০৭.১৫.২৫১

তাং-০৭.০৫.১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো-

১। ড. মোঃ আবু সুফিয়ান,সহকারী পরিচালক(প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
২। ড. সৈয়দ আলী আহসান, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৩। ডাঃ মোঃ রফিকুল ইসলাম,ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৪। মোঃ শামীম হোসেন, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৫। ড. এবিএম মুস্তানুর রহমান, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৬। ডা. শাকিফ-উল আজম, ইউএলও(এল/আর) ও সদস্য ইনোভেশন টীম ,সংযুক্তি-সহকারী পরিচালক(প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন), ডিএলএসঢাকা। ,
৭। মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আইসিটি সার্ভার শাখা ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৮। মোঃ মোখলেছুর রহমান, ভেটেরিনারি সার্জন, জেলা প্রাণী হাসপাতাল, গাজীপুর ও সদস্য, ইনোভেশন টিম।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি-

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
২। জনাব মোঃ তৌফিকুল আরিফ, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।